# Times Today BD

মো. তাহসিন হাসান | চট্টগ্রাম | 06 July, 2025

কক্সবাজারের উখিয়া উপজেলার জালিয়াপালং ইউনিয়নের মাদারবনিয়া এলাকায় র‌্যাব-১৫ এর বিশেষ অভিযানে এক লাখ পিস ইয়াবাসহ দুই মাদক কারবারিকে গ্রেফতার করা হয়েছে।

শনিবার (৬ জুলাই) সকালে র‌্যাব-১৫ এর হোয়াইক্যং ক্যাম্প (সিপিসি-২) ও টেকনাফ ক্যাম্প (সিপিসি-১) যৌথভাবে এই অভিযান পরিচালনা করে।

র‌্যাব সূত্র জানায়, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে ঘটনাস্থল থেকে ১,০০,০০০ পিস ইয়াবা, একটি স্মার্টফোন ও একটি বাটন ফোনসহ মো. মনির (৩২) ও মঞ্জুর আলম (২৮) নামের দুইজনকে আটক করা হয়।

র‌্যাব-১৫ এর সহকারী পরিচালক (ল' অ্যান্ড মিডিয়া) আ. ম. ফারুক স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, উদ্ধারকৃত ইয়াবাসহ গ্রেফতারদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নিতে তাদের উখিয়া থানায় হস্তান্তর করা হয়েছে।র‌্যাব জানিয়েছে, মাদকবিরোধী এ ধরনের অভিযান নিয়মিতভাবে চলবে।

ইয়াবা র‌্যাব গ্রেফতার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 01:39

URL: https://timestodaybd.com/chittagong/4346826920